# ক্ষমতায় গিয়ে গণভোটের দাবি ভুলে গেছে বিএনপি: জামায়াত আমির



জামায়াত আমির শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

গণভোটের দাবি একসময় বিএনপির পক্ষ থেকেই তোলা হয়েছিল, কিন্তু সরকার গঠনের পর দলটির অবস্থান বদলে গেছে বলে অভিযোগ করেছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার (৮ আগস্ট) রাজধানীর মিন্টো রোডে কূটনীতিকদের সামনে জুলাই গণঅভ্যুত্থানের বিভিন্ন তথ্যচিত্র প্রদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

শফিকুর রহমান বলেন, সংবিধান সংস্কার কমিটি না থাকলে ২০২৬ সালের নির্বাচনও সাংবিধানিক কাঠামোয় থাকার কথা নয়। সংসদে নিজেদের দাবি আদায় না হওয়ায় বিরোধী দল জনগণকে সঙ্গে নিয়ে রাজপথে আন্দোলনে নেমেছে বলেও জানান তিনি।

বর্তমান সরকারের বিরুদ্ধে আওয়ামী লীগ সরকারের মতো দুর্নীতি, চাঁদাবাজি ও দলীয়করণের অভিযোগ তোলেন জামায়াত আমির। রাষ্ট্রপতি নির্বাচন নিয়েও কথা বলেন তিনি। এ বিষয়ে শনিবার সন্ধ্যার বৈঠকে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান বিরোধী দলীয় নেতা।

কূটনীতিকদের সামনে জুলাই গণঅভ্যুত্থানের বিভিন্ন ঘটনা ও হত্যাকাণ্ডের তথ্যচিত্র প্রদর্শনের প্রসঙ্গে শফিকুর রহমান বলেন, পিলখানা হত্যাকাণ্ডের মধ্য দিয়ে আওয়ামী লীগের খুনের রাজনীতির সূচনা হয়েছিল।

LENS ASIA